

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শৃঙ্খলা বিষয়ক শাখা
www.shed.gov.bd

নম্বর- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৯৬.২০১৯. ৪২৫

তারিখ: ০৭ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ
২২ আগস্ট ২০২২ খ্রি.

প্রজ্ঞাপন

যেহেতু, মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা গত ০৪/১২/২০১৯ খ্রিষ্টাব্দের ৩৭.০২.০০০০.১০৩.০৪.০৩০.২০১৮.১৩৪২৪ নং স্মারকের পত্রে শেখ মাসুদুর রহমান, সহকারি অধ্যাপক (প্রাণিবিদ্যা), মানিকগঞ্জ সরকারি মহিলা কলেজ, মানিকগঞ্জ এর বিরুদ্ধে বিগত ১১.০৩.২০০৮ তারিখ হতে একনাগাড়ে দীর্ঘ ০৫ (পাঁচ) বছরের অধিককাল চাকরি হতে অনুপস্থিত থাকায় বি.এস.আর. পার্ট-১ এর বিধি-৩৪ অনুযায়ী তাঁর চাকরি অবসানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করেন। সে প্রেক্ষিতে তাঁর চাকরি অবসান (Ceases to be in Government employee) করার জন্য কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন। তাঁর জবাব সন্তোষজনক না হওয়ায় আনীত অভিযোগের বিষয়ে ৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়। উক্ত তদন্তে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় তার চাকরি হতে অবসান (Ceases to be in Government employee) করা যাবে কিনা-সে বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মতামত চাওয়া হলে উক্ত মন্ত্রণালয় হতে মতামত প্রদান করে যে, শেখ মাসুদুর রহমান- এর একনাগাড়ে ০৫ (পাঁচ) বছর কর্মে অনুপস্থিত থাকলে বি.এস.আর. পার্ট-১ এর বিধি-৩৪ অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয় ব্যবস্থা গ্রহণ করতে পারেন;

যেহেতু, শেখ মাসুদুর রহমান এর চাকরি হতে অবসান করার সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং উক্ত সিদ্ধান্তে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন একমত পোষণ করেছে ও মহামান্য রাষ্ট্রপতি সানুগ্রহ সম্মতি জ্ঞাপন করেছেন;

সেহেতু, শেখ মাসুদুর রহমান, সহকারি অধ্যাপক (প্রাণিবিদ্যা), মানিকগঞ্জ সরকারি মহিলা কলেজ, মানিকগঞ্জ-কে বি.এস.আর. পার্ট-১ এর বিধি-৩৪ অনুযায়ী সরকারি চাকুরি হতে অবসান (Ceases to be in Government employ) করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/-
তারিখ: ২১/০৮/২০২২
(মোঃ আবু বকর ছিদ্দীক)
সচিব

পাতা নং-০২-

নম্বর- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৯৬.২০১৯. ৪২৮/৭(১০)

তারিখ: ০৭ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ
২২ আগস্ট ২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (শেখ মাসুদুর রহমান এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
৩. মাননীয় শিক্ষামন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. মাননীয় শিক্ষা উপমন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
৭. অধ্যক্ষ, মানিকগঞ্জ সরকারি মহিলা কলেজ, মানিকগঞ্জ।
৮. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৯. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা -----।
১০. শেখ মাসুদুর রহমান, সহকারি অধ্যাপক (প্রাণিবিদ্যা), মানিকগঞ্জ সরকারি মহিলা কলেজ, মানিকগঞ্জ।

(মোহা: লিয়াকত আলী)

উপসচিব

ফোন: ০২২২৩৩৫৪২৬৫